



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

www.bise-ctg.gov.bd

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/চট্ট:মহা:(ডবল)/৫৮৭/৯৬/(অংশ-২)/৫৭২(১১), তারিখঃ ০৭-০৪-২০২৬খ্রি.


বিষয়ঃ সহকারী প্রধান শিক্ষক কে সাময়িকভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ক) বিভাগীয় কমিশনার কার্যালয়, চট্টগ্রাম এর স্মারক নং: ০৫.৪২.২০০০.০০০.০৩১.২৭.০০১৮.২৪.২৯৪ তারিখ: ১৯/১০/২০২৫ খ্রি:
খ) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, প্রধান শিক্ষক, আগ্রাবাদ সরকারি কলোনী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম এর স্বীকারোক্তি।
গ) চশিবো কর্তৃক গঠিত তদন্ত কমিটি কর্তৃক ০৪/০৯/২০২৫খ্রি. তারিখে দাখিলকৃত প্রতিবেদন।
ঘ) চশিবো/বিদ্যা/চট্ট: মহা: (ডবল)/৫৮৭/৯৬/(অংশ-২)/৪৩৭২ (৭), তারিখঃ ১৮-০৯-২০২৫খ্রি.
ঙ) চশিবো/বিদ্যা/চট্ট: মহা: (ডবল)/৫৮৭/৯৬/(অংশ-২)/৩৭৫(৭), তারিখঃ ০১-০৩-২০২৬খ্রি.
চ) চশিবো/বিদ্যা/চট্ট:মহা:(ডবল)/৫৮৭/৯৬/(অংশ-২)/৪২৭(১০), তারিখঃ ০৮-০৩-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মহানগরস্থ ডবলমুরিং থানাধীন আগ্রাবাদ সরকারি কলোনী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম (৪৪৮২৬৯) কর্তৃক অ্যাডহক কমিটির সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান, সিনিয়র সহকারী কমিশনার (হিসাব ও নেজারত), বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এর স্বাক্ষর জালিয়াতি করে কার্যবিবরণী তৈরী করার বিষয়ে সূত্র 'খ' মূলে লিখিতভাবে স্বীকারোক্তি প্রদান করায় সূত্র 'চ' মূলে বিদ্যালয়ের দাপ্তরিক ও প্রশাসনিক যাবতীয় দায়িত্ব পালনে বিরত রেখে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যালয়ের সভাপতি বরাবর ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায় আসন্ন এসএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠুভাবে সম্পাদন এবং বিদ্যালয়ের প্রশাসনিক যাবতীয় দায়িত্ব পরিচালনার লক্ষ্যে সহকারী প্রধান শিক্ষক জনাব মো: গোলাম ফরহাদ-কে অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(প্রফেসর মো: আবুল কাসেম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

প্রাপকঃ

সভাপতি, আগ্রাবাদ সরকারি কলোনী উচ্চ বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম।
ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) চট্টগ্রাম।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত -

- ১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৫। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা
- ৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৮। অফিসার ইনচার্জ, ডবলমুরিং মডেল থানা, সিএমপি, ডবলমুরিং, চট্টগ্রাম
- ৯। প্রধান শিক্ষক, আগ্রাবাদ সরকারি কলোনী উচ্চ বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম [দায়িত্ব হস্তান্তর করার আদেশসহ]
- ১০। সহকারী প্রধান শিক্ষক, আগ্রাবাদ সরকারি কলোনী উচ্চ বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রাম [দায়িত্বভার গ্রহণের আদেশসহ]
- ১০। পিএস টু চেয়ারম্যান, অত্রবোর্ড [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১। অফিস নথি।